

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯৮

পানিসাগর, ১৭ নভেম্বর, ২০২৩

## ২১ নভেম্বর উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব আয়োজন করার লক্ষ্যে সম্প্রতি এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পানিসাগর নগর পঞ্চায়েতের সভাকক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, দামছড়া বিএসি'র চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং, উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা বিপ্লব দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভার শুরুতে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা অমিত কুমার যাদব জেলাভিত্তিক যুব উৎসব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২১ নভেম্বর পানিসাগর পঞ্চায়েত সমিতির বিবেকানন্দ মুক্ত মঞ্চ জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এই উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য একটি পরিচালন কমিটি এবং বিভিন্ন উপকমিটি গঠন করা হয়। সভার সভাপতি তথা উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস জেলাভিত্তিক যুব উৎসবকে সুন্দর ও সফল বাস্তবায়ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

\*\*\*\*\*